

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৯২১

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كِتَابُ الْفَضَائِلِ وَالشَّمَائِلِ)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - মু'জিয়ার বর্ণনা

الْفَصْلُ الثَّنْفُ (بَابُ فِي الْمَعْجَزَاتِ)

আরবী

وَعَنْ بُرَيْدَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَمَّا أَنْتَهَيْنَا إِلَى بَيْتِ الْمَقْدِسِ قَالَ جِبْرِيلُ بِأُصْبُعِهِ فَخَرَقَ بِهَا الْحَجَرَ فَشَدَّ بِهِ الْبِرَاقَ». رَوَاهُ التِّرْمِذِيُّ

اسناده حسن ، رواه الترمذی (3132 وقال : غريب)

বাংলা

৫৯২১-[৫৪] বুয়দাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: (মি'রাজের রাতে) যখন আমরা বায়তুল মাক্বদিস পৌছলাম, তখন জিবরীল আলায়হিস সালাম আঙ্গুল দ্বারা ইঙ্গিত করলেন, তাতে পাথরটির মধ্যে ছিদ্র হয়ে গেল, তখন বুরাকটিকে তার মধ্যে বেঁধে রাখলেন। (তিরমিযী)

ফুটনোট

সহীহ: তিরমিযী ৩১৩২, আলবানী (রহিমাহুল্লাহ) প্রথমে হাদিসটিকে য'ঈফ বলেছিলেন, য'ঈফুল জামি ৪৭৬৮, পরবর্তীতে তিনি হাদীসটিকে সহীহ বলেছেন, সিলসিলাতুস সহীহাহ ৩৪৮৭, দেখুন- তারাজুআতুল আলবানী ২৩, আল মুসতাদরাক লিল হাকিম ৩৩৭০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (قَالَ جِبْرِيلُ بِأُصْبُعِهِ) অর্থাৎ জিবরীল আলায়হিস সালাম তাঁর হাত দ্বারা ইশারা করলেন। আর সেই ইশারা দ্বারা গর্ত তৈরি হয়ে গেল। এখানে নবী (সা.) অথবা জিবরীল দু'জনের একজন সেই গর্তে বুরাককে বাঁধেন। ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, যদি তুমি বলো, এ হাদীসও আনাস (রাঃ) থেকে বর্ণিত, নবী (সা.) -এর হাদীস- “আমি তাকে সেই আংটায় বাঁধলাম যেখানে নবীগণও বাঁধতেন”-এর মাঝে কিভাবে সমন্বয় করবে? তাহলে জবাবে আমি

বলব, সম্ভবত আংটা দ্বারা এখানে উদ্দেশ্য সেই জায়গা যেখানে আংটাটি ছিল। আর সেটা বন্ধ হয়ে গিয়েছিল, ফলে জিবরীল আলায়হিস সালাম তা ছিঁদ্র করে দেন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ বুয়ায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85897>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন